গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৫.২১. ৩৮৭ তারিখঃ ০৭/১০/২০২২ খ্রি.

**২য় কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু, আপনি ফাতিমাতুজ-জোহরা, পিতা-মোঃ আজগার আলী, সিনিয়র স্টাফ নার্স, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা গত ০২/০৪/২০১৯ খ্রি. তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

২। যেহেতু, আপনার ০২/০৪/২০১৯ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে আপনার স্থানীয় কর্তৃপক্ষ ২২/০৪/২০১৯ খ্রিঃ তারিখের কুঃজেঃহাঃ/প্রশাসন/২০১৯/১১১৯ নং স্মারকে আপনাকে কৈফিয়ত তলব করেন;

৩। যেহেতু, আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেননি। উল্লেখ্য, আপনি ২৬/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে ২৯/০১/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্তও অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। সে পরিপ্রেক্ষিতে আপনার স্থানীয় কর্তৃপক্ষ ২৮/০১/২০১৯ খ্রিঃ তারিখের কুঃজেঃহাঃ/প্রশাসন/২০১৯/২০৭ নং স্মারকে আপনাকে কৈফিয়ত তলব করেন। আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব এবং কর্তব্য কাজে যোগদানের জন্য যোগদানপত্র ৩০/০১/২০১৯ খ্রিঃ তারিখ দাখিল করেন। আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় মর্মে স্থানীয় কর্তৃপক্ষ ০৫/০২/২০১৯ খ্রিঃ তারিখ এ অধিদপ্তরকে অবহিত করেন;

৪। যেহেতু, আপনি ০২/০৪/২০১৯ খ্রিঃ তারিখ হতে পুনরায় অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং আপনার স্থানীয় কর্তৃপক্ষ আপনাকে পুনরায় কৈফিয়ত তলব করেন। কিন্তু আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেননি বিধায় স্থানীয় কর্তৃপক্ষ ১২/০৫/২০১৯ খ্রিঃ তারিখের কুঃজেঃহাঃ/প্রশাসন/২০১৯/১২৯৯ নং স্মারকে এ অধিদপ্তরকে অবহিত করেন। সে পরিপ্রেক্ষিতে এ অধিদপ্তরের ০৬/০৮/২০১৯ খ্রিঃ তারিখের ৩২১ নং স্মারকে আপনাকে কৈফিয়ত তলব করা হয় এবং আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাবও দাখিল করেননি;

৫। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্তপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য এ অধিদপ্তরের ১৪/১২/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০১৭.২৭.১০৫.২৯২ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ দেয়া হয়। অতঃপর তদন্ত কর্মকর্তা কর্তৃক ০৫/০১/২০২১ খ্রিঃ তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি প্রমাণিত হয়;

৬। যেহেতু, এ অধিদপ্তরের ২৩/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৩৫৩ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিতে বর্ণিত পলায়নের অভিযোগে আপনার বিরুদ্ধে ০৩৪/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয় এবং আপনি বিভাগীয় মামলার জবাব ১৫/০৯/২০২১ খ্রিঃ তারিখ দাখিল করেন ও ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

৭। যেহেতু, ২৪/১১/২০২১ খ্রিঃ তারিখ আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং আপনার প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৮। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক ৩০/০৮/২০২২ খ্রিঃ তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মতে আপনার কর্তৃক কর্মস্থলে ৬০ (ষাট) দিন বা ততোধিককাল অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ অর্থাৎ আপনার বিরুদ্ধে আনীত পলায়নের অভিযোগটি প্রমাণিত হয়েছে;

৯। সেহেতু, আপনাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক "পলায়ন" এর দায়ে অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০২/০৪/২০১৯ খ্রিঃ হতে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal) করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কেন আপনার বিরুদ্ধে প্রস্তাবিত দন্ড আরোপ করা হবেনা, তার লিখিত জবাব নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তঃ তদন্ত প্রতিবেদনের কপি-০২ (দুই) পাতা।

ফাতিমাতুজ-জোহরা
সিনিয়র স্টাফ নার্স

রাশেদা আকতার ০৭/১০/২২
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

কর্মস্থলের ঠিকানাঃ
ফাতিমাতুজ-জোহরা
পিতা-মোঃ আজগার আলী
সিনিয়র স্টাফ নার্স
কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা।

<u>স্থায়ী ঠিকানাঃ</u>
ফাতিমাতুজ-জোহরা
পিতা-মোঃ আজগার আলী
গ্রাম-নলতা চৌমুহনী, পোঃ নলতা শরীফ
থানাঃ কালিগঞ্জ, জেলাঃ সাতক্ষীরা।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৫.২১.৬৮৭/২(৫) তারিখঃ ১৯/১০/২০২২ খ্রি.

<u>অনুলিপিঃ</u> জ্ঞাতার্থে
১। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সেবা তত্ত্বাবধায়ক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা।
৪। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৮.১৯.৩৮৯ তারিখঃ১৭/১০/২০২২ খ্রিঃ

**অফিস আদেশ**

মিনাক্ষী দে, পিতা- দুলাল কান্তি দে, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার (পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুতুবদিয়া, কক্সবাজার) এর বিরুদ্ধে কর্মস্থলে অসদাচরণ সংক্রান্তে সিভিল সার্জনের কার্যালয়, কক্সবাজার হতে অভিযোগ পাওয়া যায়। অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্তের দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়েছে।

২। এমতাবস্থায়, আনীত অভিযোগটি নথিজাত করা হলো।

১৭/১০/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোন নং: ০২-৪১০৮০৪১৭

মিনাক্ষী দে
পিতাঃ দুলাল কান্তি দে
সিনিয়র স্টাফ নার্স
২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।
(পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুতুবদিয়া, কক্সবাজার)।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৮.১৯.৩৮৯/১(৮) তারিখঃ১৭/১০/২০২২ খ্রিঃ

অনুলিপি: জ্ঞাতার্থে
১। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। সিভিল সার্জন, কক্সবাজার।
৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার।
৫। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৬। জেলা পাবলিক হেলথ নার্স, কক্সবাজার।
৭। নার্সিং সুপারভাইজার, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার/ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুতুবদিয়া, কক্সবাজার।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৭/১০/২২
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭৪.১৯ . ৬৭০ তারিখঃ ১৯/১০/২০২২ খ্রিঃ

বিভাগীয় মামলা নং- 0৭৬/2022

অভিযোগনামা

যেহেতু, আপনি রত্নাশ্রী মল্লিক, পিতা- মৃদুল কুমার মল্লিক, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজারে কর্মরত আছেন;

২। যেহেতু, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার এর আইডি ওয়ার্ড ইনচার্জের দায়িত্বকালীন গত ২৯/১০/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ০২.০৭.৩৮ ঘটিকায় সিসিটিভি ক্যামেরায় দেখা যায়, আপনি একজন পরিচ্ছন্নতা কর্মীর মাধ্যমে ০৯ বক্স ক্যানুলা (সরকারি মালামাল) হাসপাতাল হতে বাহিরে পাচার করেন এবং পরবর্তীতে দোষ স্বীকার করেন;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ০৩/০৩/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০. ০০৭.২৭.১৭৪.১৯- ৮৩ নং স্মারকে কারণ দর্শানো হয় এবং আপনি অদ্যাবধি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেননি;

৪। যেহেতু, আপনার এরূপ কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

৫। সেহেতু, আপনি রত্নাশ্রী মল্লিক, পিতা- মৃদুল কুমার মল্লিক, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

স্বাঃ/-
রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

প্রাপকঃ রত্নাশ্রী মল্লিক
সিনিয়র স্টাফ নার্স

বর্তমান ঠিকানা
রত্নাশ্রী মল্লিক
পিতা- মৃদুল কুমার মল্লিক
সিনিয়র স্টাফ নার্স
২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।

স্থায়ী ঠিকানা
রত্নাশ্রী মল্লিক
পিতা- মৃদুল কুমার মল্লিক
গ্রামঃ পৈরকোড়া, ইউনিয়নঃ পৈরকোড়া
উপজেলাঃ আনোয়ারা, জেলাঃ চট্টগ্রাম।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭. ১৭৪.১৯. ৬৯০/১(৮)

তারিখঃ১৭/১০/২০২২ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, কক্সবাজার।
৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।
৪। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৫। জেলা পাবলিক হেলথ নার্স, কক্সবাজার।
৬। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা। (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৭। নার্সিং সুপারভাইজার, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৭/১০/২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm..gov.bd

## অভিযোগ বিবরণী

রত্নাশ্রী মল্লিক, পিতা- মৃদুল কুমার মল্লিক, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার এর আইডি ওয়ার্ড ইনচার্জের দায়িত্বকালীন গত ২৯/১০/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ০২.০৭.৩৮ ঘটিকায় সিসিটিভি ক্যামেরায় দেখা যায়, তিনি একজন পরিচ্ছন্নতা কর্মীর মাধ্যমে ০৯ বক্স ক্যানুলা (সরকারি মালামাল) হাসপাতাল হতে বাহিরে পাচার করেন এবং পরবর্তীতে দোষ স্বীকার করেন। তার এরূপ কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ।

রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd